ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-২৮১২
আগরতলা, ১০ সেপ্টেম্বর, ২০২৫

**জাতীয় লোক আদালতে নিস্পত্তির**
**জন্য উঠবে ৩১,৭৮৯টি মামলা**

আগামী ১৩ সেপ্টেম্বর, ২০২৫ (শনিবার) রাজ্যে বসছে এবছরের তৃতীয় জাতীয় লোক আদালত। ত্রিপুরা হাইকোর্ট ছাড়াও রাজ্যের সব জেলা এবং মহকুমা আদালত চত্বরে এই লোক আদালত বসবে। মোট ৩৯টি বেঞ্চে ৩১,৭৮৯টি মামলা নিষ্পত্তির জন্য তোলা হবে। এর মধ্যে আদালতে জমে থাকা ২৪ হাজার ১৩টি মামলা এবং মামলা পূর্ব বিরোধ (Pre-litigation) সংক্রান্ত ৬,৭৭৬টি মামলা রয়েছে। জাতীয় লোক আদালতে মোটর দুর্ঘটনায় ক্ষতিপূরণ সংক্রান্ত ২০৩টি মামলা, বৈবাহিক বিরোধ সংক্রান্ত ২৪৯টি মামলা, ব্যাংক ঋণ পরিশোধ সংক্রান্ত ৫,৫৯৪টি মামলা, বিএসএনএলের বিল পরিশোধ সংক্রান্ত ১,১৮২টি মামলা, আপোষযোগ্য ফৌজদারি বিরোধের (এমবি অ্যাক্ট, টিপি অ্যাক্ট, টিজি অ্যাক্ট, এক্সাইস অ্যাক্ট) ২৩,৪৪২টি মামলা, চেক বাউন্স (এনআই অ্যাক্ট) সংক্রান্ত ৬৮টি মামলা, মানি স্যুট সংক্রান্ত মামলা ৮টি, দেওয়ানি মামলা (টিএসওএমএস মামলা) ৩৫টি, বন অধিকার আইনে একটি মামলা এবং চাকরি সংক্রান্ত বিষয় ৭টি মামলা নিষ্পত্তির জন্য তোলা হবে। ত্রিপুরা হাইকোর্টের একটি বেঞ্চে ২৪টি মামলা নিষ্পত্তির জন্য তোলা হবে।

ইতিমধ্যে মামলার পক্ষ-বিপক্ষ/উভয়পক্ষকে নোটিস দেওয়া হয়েছে। লোক আদালতে নোটিশপ্রাপ্ত ব্যক্তিরা গত ৮ সেপ্টেম্বর থেকে সংশ্লিষ্ট জেলা আইনসেবা কর্তৃপক্ষ ও মহকুমা আইনি সেবা কর্তৃপক্ষের অফিসে যোগাযোগ করে মামলার প্রি-কনসিলিয়েশন বা নিষ্পত্তির সুবিধা নিচ্ছেন। লোক আদালতে নোটিশপ্রাপ্ত হয়ে আসা লোকজনদের সাহায্য করবেন অধিকার মিত্র-রা। রাজ্য আইনসেবা কর্তৃপক্ষের এগজিকিউটিভ চেয়ারম্যান বিচারপতি অমরনাথ গৌড় জাতীয় লোক আদালত সফল করতে প্রয়োজনীয় নির্দেশ দিয়েছেন। দ্রুত ও বিনা আইনি খরচে সংশ্লিষ্ট সবাইকে মামলা নিষ্পত্তির সুবিধা নিতে ত্রিপুরা রাজ্য আইনসেবা কর্তৃপক্ষের পক্ষ থেকে এক প্রেস বিজ্ঞপ্তিতে সদস্য-সচিব ঝুমা দত্ত চৌধুরী আবেদন করেছেন।

******